# বাংলাদেশ সাবমেরিন ক্যাবল কোম্পানি লিমিটেড (বিএসসিসিএল)

রহমান'স রেগনাম সেন্টার (৭ম, ৮ম ও ৯ম তলা)
১৯১/বি, তেজগাঁও-গুলশান লিংক রোড, ঢাকা-১২০৮।

BSCCL

ডিজিটাল বাংলাদেশ
Digital Bangladesh

মুজিব শতবর্ষ

## আয়কর ও ভ্যাট পরামর্শক নিয়োগের জন্য বিজ্ঞপ্তি

(বিস্তারিত ও ওয়েব সংস্করণ)

বাংলাদেশ সাবমেরিন ক্যাবল কোম্পানি লিমিটেড (বিএসসিসিএল)-এর আয়কর ও ভ্যাট পরামর্শক নিয়োগের নিমিত্ত নিম্নবর্ণিত যোগ্যতা, অভিজ্ঞতা, সম্মানী ও অন্যান্য শর্তে আয়কর ও ভ্যাট পরামর্শক সেবায় নিয়োজিত আগ্রহী বাংলাদেশী প্রতিষ্ঠানের নিকট হতে নিম্নস্বাক্ষরকারী বরাবর দরখাস্ত আহবান করা যাচ্ছে। ডাকযোগে প্রেরিত দরখাস্ত আগামী ০৭ সেপ্টম্বর ২০২০ খ্রি. তারিখের মধ্যে পৌঁছাতে হবে। উক্ত সময়ের মধ্যে অফিস চলাকালীন সময়ে সরাসরি উপস্থিত হয়েও আবেদন জমা দেয়া যাবে।

০১। **আবেদনকারীর যোগ্যতাঃ** আবেদনকারী প্রতিষ্ঠান /আবেদনকারী প্রতিষ্ঠানের যে অংশীদার বিএসসিসিএলকে আয়কর ও ভ্যাট পরামর্শক সেবা প্রদান করবেন তাকে/তার প্রতিষ্ঠানকে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন কর্তৃক আর্থিক প্রতিবেদন নিরীক্ষার নিমিত্ত সর্বশেষ প্রকাশিত অডিট ফার্মের তালিকাভুক্ত হতে হবে। তাছাড়া আবেদনকারী প্রতিষ্ঠান/ আবেদনকারী প্রতিষ্ঠানের যে অংশীদার বিএসসিসিএলকে আয়কর ও ভ্যাট পরামর্শক সেবা প্রদান করবেন উক্ত প্রতিষ্ঠান/ উক্ত অংশীদারকে অবশ্যই জাতীয় রাজস্ব বোর্ড, বাংলাদেশ কর্তৃক আয়কর পেশাজীবী ও ভ্যাট পরামর্শক হিসেবে প্রতিনিধিত্ব করার বিষয়টি অনুমোদিত হতে হবে।

০২। **অভিজ্ঞতাঃ**

(ক) যে আবেদনকারী বিএসসিসিএলকে আয়কর ও ভ্যাট পরামর্শক সেবা প্রদান করবেন তার টেলিকম/ইন্টারনেট/ডাটাকম সেক্টরের কোন প্রতিষ্ঠানের আয়কর ও ভ্যাট পরামর্শক হিসেবে ন্যূনতম ০৩ (তিন) বৎসর সেবা প্রদান করার অভিজ্ঞতাসহ আয়কর ও ভ্যাট পরামর্শক সেবা প্রদানে সর্বমোট ন্যূনতম ১০ (দশ) বছরের সেবা প্রদান করার অভিজ্ঞতা থাকতে হবে।

(খ) যে আবেদনকারী বিএসসিসিএলকে আয়কর ও ভ্যাট পরামর্শক সেবা প্রদান করবেন তার ঢাকা স্টক এক্সচেঞ্জে তালিকাভুক্ত কোম্পানির আয়কর ও ভ্যাট পরামর্শক সেবা প্রদানের ন্যূনতম ০৩ (তিন) বৎসরের অভিজ্ঞতা থাকতে হবে।

(গ) যে আবেদনকারী বিএসসিসিএলকে আয়কর ও ভ্যাট পরামর্শক সেবা প্রদান করবেন তার কমপক্ষে মোট ২০ কোটি টাকা Disputed Taxable Income মূল্যমানের কর আপিল ও কর আপিল ট্রাইব্যুনালের মামলা পরিচালনার অভিজ্ঞতা থাকতে হবে।

(ঘ) যে আবেদনকারী বিএসসিসিএলকে আয়কর ও ভ্যাট পরামর্শক সেবা প্রদান করবেন তার সরকারি/স্বায়ত্ত শাসিত/সরকারি মালিকানাধীন প্রতিষ্ঠানের আয়কর ও ভ্যাট পরামর্শক হিসেবে ন্যূনতম ০৩ (তিন) বছরের সেবা প্রদান করার অভিজ্ঞতাসহ থাকতে হবে।

আবেদনকারীর অভিজ্ঞতা প্রমাণের নিমিত্ত প্রয়োজনীয় সনদ ও অন্যান্য দলিল অবশ্যই আবেদনের সাথে দাখিল করতে হবে।

০৩। **সম্মানীঃ** বিএসসিসিএল-এর অনুমোদিত সিডিউল অনুযায়ী নির্ধারিত হারে (প্রযোজ্য আয়কর কর্তনের পর) সম্মানী প্রাপ্য হবেন।

০৪। **চুক্তির মেয়াদঃ** প্রাথমিকভাবে ০২ (দুই) বছর। প্রয়োজনে উভয় পক্ষের আলোচনা ও সম্মতিক্রমে নবায়নযোগ্য। ০৩ (তিন) মাসের অগ্রিম নোটিশ প্রদান করে যে কোন পক্ষ চুক্তির অবসান ঘটাতে পারবে। তবে কোন পক্ষ কর্তৃক চুক্তি ভঙ্গের কারণে চুক্তির অবসানের ক্ষেত্রে এরূপ নোটিশ পিরিয়ড প্রযোজ্য হবে না।

০৫। **কার্যপরিধিঃ**

ক) বিএসসিসিএলকে কোম্পানির স্বার্থ সংশ্লিষ্ট সকল আয়কর ও ভ্যাট সংক্রান্ত বিষয়ে সহায়তা ও পরামর্শ প্রদান।

খ) কোম্পানির পক্ষে যথাসময়ে আয়কর ও ভ্যাট রিটার্ন প্রস্তুত ও দাখিলকরণ।

গ) কোম্পানির দাখিলকৃত আয়কর ও ভ্যাট রিটার্নসমূহের (প্রযোজ্য ক্ষেত্রে) এ্যাসেসমেন্ট দ্রুততার সাথে সম্পন্ন করা।

ঘ) আয়কর ও ভ্যাট অডিটের সময় কোম্পানিকে প্রত্যক্ষ ভাবে সহায়তা করা এবং প্রয়োজনে অডিট আপত্তি নিষ্পত্তিকল্পে শুনানীসহ যাবতীয় কার্যক্রম গ্রহণ করা।

ঙ) আয়কর ও ভ্যাট আপিল, আপিলাত ট্রাইব্যুনাল ও এডিআর (বিকল্প বিরোধ নিষ্পত্তি) এর ক্ষেত্রে কোম্পানির স্বার্থ সংরক্ষণকল্পে বিএসসিসিএলের পক্ষে প্রযোজ্য যথাযথ কর্তৃপক্ষের নিকট আর্জি প্রস্তুত, দাখিল, শুনানী ও আদেশ/ রোয়েদাদ সংগ্রহ করা।

চ) আয়কর ও ভ্যাট কর্তৃপক্ষের নিকট হতে প্রাপ্ত আদেশ/ রোয়েদাদ যাচাই বাছাই করে পরবর্তী করণীয় সম্পর্কে বিএসসিসিএলকে পরামর্শ প্রদান।

ছ) কোম্পানির ভোগকৃত/ ভোগযোগ্য ট্যাক্স হলিডে সংক্রান্ত পরামর্শ প্রদান ও এ সংক্রান্ত কোন জটিলতা সৃষ্টি হলে তা নিষ্পন্নকল্পে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ।

জ) কোম্পানির চাহিদার প্রেক্ষিতে আয়কর ও ভ্যাট কর্তৃপক্ষের নিকট চলমান বিভিন্ন মামলায় কোম্পানির প্রতিনিধিত্ব করা।

ঝ) কোম্পানির প্রভিডেন্ট ফান্ড, গ্রাচুইটি ও শ্রমিক অংশগ্রহন ও কল্যাণ তহবিলের ট্রাস্টি বোর্ডকে আয়কর ও ভ্যাট বিষয়ে সহায়তা করা।

Rahman Hasan 25/08/2020 ... 18/8/2020

ঞ) কোম্পানির বৈদেশিক লেনদেন (কনসোর্টিয়াম পেমেন্টসহ) বিভিন্ন গ্রাহককে কৃত বিল, কোম্পানি কর্তৃক বিভিন্ন ব্যক্তি ও প্রতিষ্ঠানকে পরিশোধিত বিল /পাওনা সংক্রান্তসহ অন্যান্য যাবতীয় বিষয়ের সাথে আয়কর ও ভ্যাট সংশ্লিষ্ট বিষয়ে বিএসসিসিএলকে পরামর্শ প্রদান করা।

ট) মহামান্য বাংলাদেশ সুপ্রীম কোর্টের অ্যাপিলেট বিভাগ, হাইকোর্ট বিভাগ, নিম্ন আদালত, সমজাতীয় এখতিয়ারসম্পন্ন কর্তৃপক্ষ ও বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন (বিটিআরসি) সহ প্রয়োজন মোতাবেক বাংলাদেশের যে কোন আদালত/ ট্রাইব্যুনালে/ সালিশি আদালত আয়কর ও ভ্যাট সংক্রান্ত বিষয়ে কোম্পানির পক্ষে প্রয়োজনীয় কাগজপত্র ড্রাফটিং এবং প্রযোজ্য ক্ষেত্রে মামলা পরিচালনা অথবা কোম্পানি কর্তৃক নিযুক্ত আইনজীবীকে ড্রাফটিং এবং মামলা পরিচালনা কার্যে সহায়তা করা।

ঠ) বিএসসিসিএল কর্তৃক মতামতের জন্য প্রেরিত বিষয়সমূহ পর্যবেক্ষনান্তে কর আইন অনুযায়ী পরামর্শ প্রদান করা।

ড) আয়কর ও ভ্যাট সংক্রান্ত বিষয়ে প্রয়োজন হলে কোম্পানির পক্ষে আয়কর ও ভ্যাট কর্তৃপক্ষ, আপিল কর্তৃপক্ষ, আপিলাত ট্রাইব্যুনাল ও মহামান্য সুপ্রিম কোর্টে মামলা পরিচালনার জন্য আইনজীবী নিয়োগের সুপারিশ করা। এতদউদ্দেশ্যে কোম্পানি কর্তৃক নিয়োগপ্রাপ্ত বা নিয়োগের জন্য বিবেচিত আইনজীবীদের সাথে সমন্বয় সাধন করা এবং জটিল মামলায় বিএসসিসিএলের পক্ষে বিএসসিসিএল কর্তৃক নিয়োগপ্রাপ্ত আইনজীবীর সাথে আদালতে আইনি কার্যক্রম পরিচালনার নিমিত্ত উপস্থিত থাকা।

ঢ) কোম্পানির পক্ষে আয়কর ও ভ্যাট সংক্রান্ত বিষয়ে মহামান্য সুপ্রিম কোর্টে দায়েরকৃত রেফারেন্স মামলা দায়ের, দায়েরকৃত মামলার অগ্রগতি পর্যবেক্ষণ ও অবহিতকরণ, সমাপ্ত মামলার আদেশ পর্যবেক্ষণকরতঃ বিএসসিসিএলকে পরবর্তী করণীয় সম্পর্কে পরামর্শ প্রদান করা।

ণ) অর্থ আইন, আয়কর ও ভ্যাট আইন, শ্রম আইন, কোম্পানি আইন, চুক্তি আইন, হস্তান্তরযোগ্য ঋণের দলিল আইন, সম্পত্তি হস্তান্তর আইন, সালিশি আইন ও এ সংক্রান্ত বিধিমালা (প্রযোজ্য ক্ষেত্রে), প্রজ্ঞাপন, অফিস আদেশ, জার্নালসমূহ এবং ল রিপোর্ট এর আয়কর ও ভ্যাট সংক্রান্ত বিষয়ে আপডেট থাকা এবং পরিবর্তনের সাথে তাল মিলিয়ে চলার লক্ষ্যে বিএসসিসিএলকে সহায়তা করা এবং উল্লিখিত আইনসমূহের কোন পরিবর্তন সাধিত হলে সে বিষয়ে বিএসসিসিএলের সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে প্রশিক্ষণ প্রদান করা।

ত) চলমান /আসন্ন আয়কর ও ভ্যাট রিটার্ন, আপিল, ট্রাইব্যুনাল প্রয়োজনে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের পরামর্শ প্রদান ও বাংলাদেশ সুপ্রিম কোর্টে চলমান মামলার বিষয়ে সংস্থার নিয়োগকৃত আইনজীবীদের কাজ পর্যালোচনা করা এবং প্রয়োজনে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের পরামর্শ প্রদান।

থ) মাসিক ভিত্তিতে বিএসসিসিএলে রির্পোটিং এর জন্য হাজির হওয়া এবং বিএসসিসিএল ম্যানেজমেন্ট কর্তৃক অনুরোধ করা হলে চাহিত সময়ে ও স্থানে উপস্থিত থাকা।

দ) বিএসসিসিএলের ব্যবস্থাপনা কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত অন্য যে কোন বিষয়ে চাহিত উপায়ে সহায়তা / পরামর্শ প্রদান করা।

০৬। **অন্যান্য শর্তাবলীঃ**

ক) বিএসসিসিএল-এর প্রয়োজন অনুযায়ী আয়কর ও ভ্যাট পরামর্শকের উপর সময়ে সময়ে কর্মপরিধিতে উল্লিখিত অর্পিত দায়িত্বসমূহ সুচারুভাবে পালনকল্পে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। তবে সেবা প্রদানকারী অংশীদারকে প্রতি মাসে একবার অফিস চলকালীন সময়ে ন্যূনতম ৩ ঘন্টার জন্য বিএসসিসিএলের প্রধান কার্যালয়ে আয়কর ও ভ্যাট বিষয়াদি বিবেচনা, নিরীক্ষা ও মতামত/পরামর্শ প্রদানের নিমিত্ত অবস্থান করতে হবে এবং বিএসসিসিএল কর্তৃক আমন্ত্রণ জানানো হলে চাহিত সময়ে উপস্থিত থাকতে হবে।

খ) ইচ্ছুক আবেদনকারীকে প্রতিষ্ঠানের প্যাডে (১) সেবা প্রদানকারী অংশীদারের নাম, (২) সেবা প্রদানকারী অংশীদারের পিতার নাম, (৩) সেবা প্রদানকারী অংশীদারের মাতার নাম, (৪) সেবা প্রদানকারী অংশীদারের জন্ম তারিখ (৫) সেবা প্রদানকারী অংশীদারের স্থায়ী ঠিকানা, (৬) সেবা প্রদানকারী অংশীদারের বর্তমান ঠিকানা, টেলিফোন, মোবাইল নং, ই-মেইল আইডি (৭) সেবা প্রদানকারী প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা টেলিফোন, মোবাইল নং, ই-মেইল আইডি (৮) জাতীয়তা (এনআইডি/স্মার্ট কার্ড নম্বর), (৯) সেবা প্রদানকারী অংশীদারের শিক্ষাগত যোগ্যতা (যোগ্যতা, অর্জনের সাল, প্রতিষ্ঠানের নাম, বোর্ড/বিশ্ববিদ্যায়ের নাম, ফলাফল), (১০) সেবা প্রদানকারী অংশীদারের সংশ্লিষ্ট বিষয়ে অভিজ্ঞতার বিবরণ, (১১) আয়কর ও ভ্যাট সালিশীর ক্ষেত্রে অভিজ্ঞতা ও মামলার সংক্ষিপ্ত বিবরণ, মামলা সম্পন্ন হওয়ার সময় এবং ফলাফল ইত্যাদি উল্লেখপূর্বক আবেদন করতে হবে। সংশ্লিষ্ট সাপোর্টিং ডকুমেন্ট আবেদন পত্রের সাথে সংযুক্ত করতে হবে।

গ) আবেদনপত্রের সাথে প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত (১)সেবা প্রদানকারী অংশীদারের সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের কপি, (২) আবেদনকারী প্রতিষ্ঠান ও আবেদনকারী প্রতিষ্ঠানের যে অংশীদার বিএসসিসিএলকে আয়কর ও ভ্যাট পরামর্শক সেবা প্রদান করবেন উক্ত প্রতিষ্ঠান/ উক্ত অংশীদারের অনুকূলে দ্য ইনস্টিটিউট অব চার্টার্ড অ্যাকাউনট্যান্টস অব বাংলাদেশ (আইসিএবি) কর্তৃক প্রদত্ত সনদ, (৩) আবেদনকারী প্রতিষ্ঠান/আবেদনকারী প্রতিষ্ঠানের যে অংশীদার বিএসসিসিএলকে আয়কর ও ভ্যাট পরামর্শক সেবা প্রদান করবেন উক্ত প্রতিষ্ঠান/ উক্ত অংশীদারের অনুকূলে জাতীয় রাজস্ব বোর্ড, বাংলাদেশ কর্তৃক আয়কর পেশাজীবী ও ভ্যাট পরামর্শক হিসেবে প্রদত্ত অনুমোদনের প্রমাণক, (৩) জাতীয় পরিচয়পত্রের কপি, (৪) সম্প্রতি তোলা পাসপোর্ট সাইজের ০৩ (তিন) কপি ছবি এবং (৫) আবেদনকারীর সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের ই-টিন সার্টিফিকেটের কপি ও ভ্যাট রেজিস্ট্রেশন সনদের কপি সংযুক্ত করতে হবে।

০৭। আবেদনকারী প্রতিষ্ঠান/প্রতিষ্ঠানের অংশীদার যে সকল প্রতিষ্ঠানের আয়কর ও ভ্যাট পরামর্শক হিসেবে নিযুক্ত আছেন সে সকল প্রতিষ্ঠানের ঠিকানাসহ বিস্তারিত উল্লেখ করতে হবে। বিএসসিসিএল আয়কর ও ভ্যাট পরামর্শক হিসেবে নিয়োজিত থাকাকালে বিএসসিসিএল -এর স্বার্থ বিরোধী কোন প্রতিষ্ঠান/ব্যক্তির আয়কর ও ভ্যাট পরামর্শক হিসেবে কাজ করা যাবে না এবং এরূপ কোন প্রতিষ্ঠানের সাথে সংশ্লিষ্টতা রক্ষা করা যাবে না।

০৮। আবেদনপত্র এবং খামের উপর ''বিএসসিসিএলের আয়কর ও ভ্যাট পরামর্শক হিসেবে নিয়োগের আবেদন" ও প্রাপক ও প্রেরকের নাম ও ঠিকানা সুস্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

Rizwan Ahm 1৮/০৮/2020  18/8/2020

০৭। আগ্রহী আয়কর ও ভ্যাট পরামর্শক সেবা প্রদানকারী প্রতিষ্ঠানের/প্রতিষ্ঠানের অংশীদারের নিকট হতে প্রাপ্ত আবেদনসমূহ যাচাই বাছাইয়ের পর সর্বোচ ৭ জনের একটি সংক্ষিপ্ত তালিকা প্রস্তুত করা হবে। সংক্ষিপ্ত তালিকাভুক্ত আয়কর ও ভ্যাট পরামর্শক সেবা প্রদানকারীকে বিএসসিসিএলের প্রস্তাব মূল্যায়ন কমিটি কর্তৃক সাক্ষাৎকারের জন্য আমন্ত্রন জানানো হবে। সাক্ষাৎকারোত্তর কোম্পানির আয়কর ও ভ্যাট পরামর্শক হিসেবে নির্বাচিত প্রতিষ্ঠানসমূহের যোগ্যতাভিত্তিক মেধা তালিকা প্রস্তুতকরতঃ মেধা তালিকার ১ম স্থানের প্রতিষ্ঠানকে কোম্পানির নির্ধারিত শর্ত ও দরে কাজ করার নিমিত্ত চুক্তিবদ্ধ হওয়ার জন্য আমন্ত্রণ জানানো হবে। মেধা তালিকার ১ম স্থানের প্রতিষ্ঠানের সাথে সমঝোতা ও চুক্তি সম্ভব না হলে ক্রমান্বয়ে পরের অবস্থানের প্রতিষ্ঠানকে চুক্তি স্বাক্ষরের জন্য আমন্ত্রণ জানানো হবে। উল্লেখ্য যে, সাক্ষাৎকারে অবতীর্ণ হওয়ার জন্য কোন ভ্রমনভাতা প্রদান করা হবে না।

বাংলাদেশ সাবমেরিন ক্যাবল কোম্পানি লিমিটেড (বিএসসিসিএল) কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরখাস্ত অথবা সকল দরখাস্ত গ্রহণ/বাতিল করার অধিকার সংরক্ষণ করে। অসম্পূর্ণ/ প্রত্যাশিত প্রমাণক সংযুক্ত করা হয়নি এরূপ আবেদন বাতিল মর্মে বিবেচিত হবে। বিএসসিসিএল কর্তৃপক্ষ আবেদনকারীগণের নিকট ব্যাখ্যা/প্রমাণক ও নতুন তথ্য প্রদানের জন্য অনুরোধ করার ক্ষমতা সংরক্ষণ করে। আয়কর ও ভ্যাট পরামর্শক নিয়োগের বিষয়ে কোম্পানির সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

উপ-মহাব্যবস্থাপক (সংগ্রহ ও সেবা)
বিএসসিসিএল
ফোন: ৮৮৭৮৪৮৪
ই-মেইল: dgm.p&l@bsccl.com

Rahman ২৬/০৮/২০২০ ২৬/০৮/২০২০